গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী। |
| সভার তারিখ | ঃ ১৯/০৪/২০২২ খ্রিঃ। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আলোচনা-০১ (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) ঃ উপজেলা প্রকৌশলী, মহেশখালী বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর গৃহীত প্রকল্পের আওতায় লটারী'র কার্যক্রম শেষ হয়েছে। প্রায় ১৫ টি গ্রুপের কার্যাদেশ দেওয়া হয়েছে। বাকী ০৯ টি গ্রুপের কার্যাদেশ ২-৩ দিনের দেওয়া হবে মর্মে সভাকে অবহিত করেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্পসমূহের কাজ যথাসময়ে শেষ করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| আলোচনা-০২ (ত্রাণ শাখা) ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'র প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী, মহেশখালী বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্প ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজের অগ্রগতি-১০০%। তিনি বলেন, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্পের তালিকা চূড়ান্ত হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ের উপজেলা পরিষদ ভিত্তিক তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের বরাবরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৩ ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৪ ঃ উপজেলা নির্বাচন কর্মকর্তা, মহেশখালী বলেন, অত্র উপজেলার স্মার্ট কার্ড বিতরণ প্রায় ৮০% শেষ হয়েছে। প্রায় ১৮০০ জন নতুন ভোটার হয়েছে এবং বর্তমানেও চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | নতুন ভোটার করার ক্ষেত্রে যেন কোন রোহিঙ্গা ভোটার হতে না পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য ইউপি চেয়ারম্যান ও উপজেলা নির্বাচন অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | ১। উপজেলা নির্বাচন অফিসার, মহেশখালী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| আলোচনা-০৫ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী বলেন, যে সকল প্রাথমিক বিদ্যালয়ে এস.এম.সি গঠন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এ উপজেলার ধলঘাটা ইউনিয়নে সুতুরিয়ার ডেইল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এবং হোয়ানক ইউনিয়নে টাইম বাজার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কার্যক্রম চলছে এর ফলে বিদ্যালয়ের শিক্ষার্থীদের শ্রেণী কার্যক্রমের বিঘ্ন ঘটছে। যত দ্রুত সম্ভব বিদ্যালয়গুলো থেকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সরিয়ে নেয়ার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | প্রাথমিক বিদ্যালয়ে এস.এম.সি গঠন কাজ দ্রুত শেষ করতে হবে এবং যে সব ইউনিয়ন পরিষদ ভবন নাই, সে সব ইউনিয়ন পরিষদে ভবন নির্মাণের প্রস্তাবনা প্রেরণ করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | ১। উপজেলা প্রকৌশলী, মহেশখালী।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, মহেশখালী।<br>৩। চেয়ারম্যান, ধলঘাটা/হোয়ানক ইউপি। |

| | | |
|---|---|---|
| আলোচনা-০৬ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী বলেন, রবি/২২ মৌসুমে ৭০৩০ হেক্টর জমিতে বোরো ধানের চাষাবাদ করা হয়েছে। অনাবাদি পতিত জমিতে সবজি চাষের আওতায় আনার জন্য ৩৬ টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় ০৫ টি বোরো ধানের বীজ উৎপাদন প্রদর্শনী বাস্তবায়িত হয়েছে। রাজস্ব খাতের আওতায় রবি মৌসুমে ৩০ টি বোরো ধানের প্রদর্শনী বাস্তবায়িত হয়েছে। রবি/২০২১-২২ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০০০ জন কৃষককে হাইব্রিড বোরো ধানের বীজ এবং ৭৫০ জন কৃষককে উফশী বোরো ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। চলতি খরিপ-১/২০২১-২২ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৪০০ জন কৃষককে উফশী রোপা আউশ ধানের বীজ ও সার বিতরণ করা হবে। কৃষককে আধুনিক ও টেকসই করার লক্ষ্যে সমন্বিত খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ০৩ জন কৃষককে বেড প্লান্টার ও ০৩ জন কৃষককে পাওয়ার থ্রেসার ৭০% ভর্তুকিতে বিতরণ করা হবে। পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদনের আওতায় রবি মৌসুমে ০১ টি কৃষক মাঠ স্কুল পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৭ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী বলেন, এ উপজেলায় আগামী ২০ মে-২৩ জুলাই, ২০২২ খ্রিঃ পর্যন্ত মোট ৬৫ (পঁয়ষট্টি) দিন সকল প্রকার যান্ত্রিক-অযান্ত্রিক নৌযান ও ফিশিং বোট কর্তৃক সমুদ্র ও উপকূলীয় এলাকায় সকল প্রকার মাছ ধরা বন্ধ থাকবে। বন্ধ সময়ে প্রত্যেক জেলে পরিবারকে ৮৬ কেজি করে চাউল প্রদান করা হবে। ৬৫ দিন বন্ধ সময়ে এনজিও কর্তৃক ঋণ গ্রহীতাগণের কিস্তির টাকা ০২ (দুই) মাস পর্যন্ত স্থগিত রাখার জন্য সভাকে অনুরোধ জানান। | মাছ ধরা বন্ধ সময়ে এনজিও কর্তৃক জেলে ঋণ গ্রহীতাগণের কিস্তির টাকা স্থগিত রাখার বিষয়ে এনজিও প্রতিনিধি'র সাথে আলোচনার মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৮ ঃ উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মহেশখালী বলেন, এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা'র ১২-১৮ বছরের শিক্ষার্থীদের শতভাগ কোভিড-১৯ এর প্রথম ও দ্বিতীয় ডোজ এর টিকা প্রদান সম্পন্ন হয়েছে। অত্র উপজেলায় নতুন করে ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। | এ উপজেলায় ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো যথাযথভাবে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করার বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মহেশখালীকে অনুরোধ করা হল। | একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মহেশখালী। |
| আলোচনা-০৯ ঃ চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কুতুবজোম ইউপি। |
| আলোচনা-১০ ঃ চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ধলঘাটা ইউপি। |
| আলোচনা-১১ ঃ চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, মাতারবাড়ী ইউপি। |
| আলোচনা-১২ ঃ চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, শাপলাপুর ইউপি। |
| আলোচনা-১৩ ঃ চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদ তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপি। |

| | | |
|---|---|---|
| আলোচনা-১৪ ঃ জনাব মো: ইয়াছিন, উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী বলেন, জনাব প্রণয় কুমার দে, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, মহেশখালী এর ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে চাকুরীকাল ১০ (দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য গত ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখে একখানা আবেদনপত্র দাখিল করেছেন ও জনাব মোঃ সাইফুল ইসলাম স্বপন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, মহেশখালী এর ০৯/০৪/২০২২ খ্রিঃ তারিখে চাকুরীকাল ১০ (দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য গত ১১/০৪/২০২২ খ্রিঃ তারিখে একখানা আবেদনপত্র দাখিল করেছেন।<br>এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখের এস. আর. ও নং-৩৬৯-আইন/২০১৫ প্রজ্ঞাপনমূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭ (১) নং অনুচ্ছেদ অনুযায়ী ''কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে এবং চাকুরীকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১ (এগার) তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হবেন'' মর্মে সভায় অবহিত করেন। | অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখের এস. আর. ও নং-৩৬৯-আইন/২০১৫ প্রজ্ঞাপনমূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭ (১) নং অনুচ্ছেদ অনুযায়ী ১০ (দশ) বছর চাকুরীকাল সন্তোষজনক হওয়াতে জনাব জনাব প্রণয় কুমার দে, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, মহেশখালী-কে গত ০৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে বেতনস্কেল ১০২০০-২৪৬৮০/- হতে ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৪ হতে গ্রেড-১৩) ও জনাব মোঃ সাইফুল ইসলাম স্বপন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, মহেশখালী-কে ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখে বেতনস্কেল ৯৩০০-২২৪৯০/- হতে ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৬ হতে গ্রেড-১৫) উন্নতিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী। |
| আলোচনা-১৫ ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী ''উপজেলার অনেক দপ্তরে বিভিন্ন পদে জনবল শূণ্য রয়েছে। ফলে সেবা প্রার্থীদের চাহিত সেবা যথাসময়ে প্রদান করা সম্ভব হচ্ছে না। ফলে সেবা প্রার্থীরা নানা ভোগান্তির সম্মুখীন হচ্ছে।'' তিনি শূণ্য পদে জনবল পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | শূণ্য পদে জনবল পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। দপ্তর প্রধানগণ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১.০৪.২২

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮-৩৩২(ক)

তারিখঃ ২১/০৪/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা ............................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব .....................................................................................
০৮। অফিস নথি।

২১/৪/২২

(মো: ইয়াছিন)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।

১১/০৪/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত [illegible] মাসিক সভার উপস্থিতির স্বাক্ষর:

| ক্রঃ | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মুঃ মুহিবউদ্দীন [illegible] | 01828700980 | |
| ০২ | [illegible] | 01818025417 | |
| ০৩ | [illegible] | | |
| ০৪ | [illegible], UHFPO [illegible] | 01818011194 | |
| ০৫ | | | |
| ০৬ | ডাঃ নন্দন কুমার [illegible], ULO | 01819632622 | |
| ০৭ | মোঃ [illegible] মাসুদ [illegible] U.C.O | 01819-639375 | |
| ০৮ | [illegible], UFPO | 01816-574950 | |
| ০৯ | মোঃ [illegible], USEO | 01815723465 | |
| ১০ | [illegible] দাস, UEO | 01715-111441 | |
| ১১ | মোঃ [illegible] রহমান খান, SUFO | 01722649552 | |
| ১২ | মোঃ রফিকুল ইসলাম UAO | 01723129445 | |
| ১৩ | ডা. [illegible] | | |
| ১৪ | [illegible] - চেয়ারম্যান, [illegible] | 01876352046 | |
| | [illegible] | 01211-323322 | |
| ১৫ | [illegible] - চেয়ারম্যান | 01824-858546 | |
| ১৬ | [illegible], চেয়ারম্যান [illegible] | 01819976234 | |
| ১৭ | [illegible] | 01717962208 | |
| ১৮ | [illegible] উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, [illegible] | 01812812176 | |
| ২০ | [illegible], সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, [illegible] | 01677297929 | |
| ২১ | [illegible], সহকারী [illegible] কর্মকর্তা | 01515655179 | |
| ২২ | [illegible] | [illegible] | |
| ২৩ | [illegible], UE, lged | 01708161275 | |
| ২৪ | বিমলেন্দু [illegible] পাল, UEO | 01719148960 | |
| ২৫ | মোঃ [illegible], SAE, P.I Office | 01833807476 | |
| ২৬ | [illegible] SAE, DPHE, [illegible] | 01821156334 | |
| ২৭ | [illegible] | 01776080600 | |
| ২৮ | [illegible] | 01823371104 | |
| ২৯ | [illegible] | 0183586132 | |